

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

ন. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৩./৬৪৫২

তারিখ : ০৪.১২.২০১৬

বিষয় : ইনোভেশন টিম-এর কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

আজ ৩০.১১.২০১৬ তারিখ বেলা ১১.০০ টায় ইনোভেশন টিম-এর কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভা প্রধান তথ্য অফিসার মহোদয়ের সভাপতিত্বে অধিদফতরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত। সভাপতি মহোদয় আলোচনা শুরু করেন। উপস্থিত ইনোভেশন টিমের সভাপতি ও সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৬ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত যেসব বিষয়ের কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি সেসব বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্র. ন.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	তথ্য অধিদফতরের প্রটোকল শাখায় ডিজিটাল স্মার্ট এক্রিডিটেশন কার্ড তৈরি।	বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতিপূর্বে সি.তথ্য অফিসার (প্রটোকল) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব ও যুগ্মসচিব-এর সাথে ডিজিটাল স্মার্ট এক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকদের জন্য সচিবালয়ে একটি আলাদা গেট স্থাপন/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ডিজিটাল মেশিনে ম্যাচিং করে প্রবেশের বিষয়ে আলোচনা করেন। এ ব্যাপারে আরো আলোচনার বিষয়ে সভায় অতিমত ব্যক্ত করা হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রটোকল)
০২	এক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকদের ডিজিটাল ডাটাবেইস তৈরি করা।	ডিজিটাল পদ্ধতিতে এক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকদের ডাটা বেইজ তৈরির কার্যক্রম চলমান আছে এবং এটি দ্রুত শেষ করার তাগিদ দেওয়া হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রটোকল)
০৩	স্টোরে ডিজিটাল লেজার প্রবর্তন।	তথ্য অধিদফতরের স্টোরে ডিজিটাল লেজার প্রবর্তনের কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় প্রধান তথ্য অফিসার এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তবে, কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে স্টোরের কর্মচারীদের এবিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদানের বিষয়টি গুরুত্ব সহকারে বাস্তবায়নের তাগিদ দেন।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন, সমন্বয়)
০৪	প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার বার্তা প্রধানদের সাথে পিআইডি কর্মকর্তাদের মিথস্ক্রিয়া/ মতবিনিময়	প্রধান তথ্য অফিসার মহোদয়ের সভাপতিত্বে আগামী ০৬.১২.২০১৬ তারিখে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার আনুমানিক ৪০ জন বার্তা প্রধান/চিফ রিপোর্টার/বিশেষ প্রতিনিধিকে প্রথম গ্রুপে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য অধিদফতরের যে সকল কর্মকর্তা উপস্থিত থাকবেন তাদেরও পত্র দিতে হবে। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস)-বিষয়টির সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস)

চলমান পাতা/০২

১৫/১২/১৬

০৫	জনসংযোগ কর্মকর্তাগণের বিভিন্ন মিডিয়া হাউজ পরিদর্শন (২টি মিডিয়া হাউজ)	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস)-এর নেতৃত্বে ১৯.১১.২০১৬ তারিখে চ্যানেল আই পরিদর্শন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। উক্ত কার্যক্রম সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস)
০৬	ইনহাউজ ট্রেনিং (কর্মকর্তা/কর্মচারী)	কার্যক্রম চলমান। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদিত প্রশিক্ষণ মডিউলের আলোকে তথ্য অধিদফতরের জন্য প্রস্তুতকৃত প্রশিক্ষণ কর্মসূচির ধারাবাহিকতায় প্রতি সোমবার প্রেডিক্টিভ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত ৩২৮ জন কর্মকর্তা/কর্মচারীর ১৪২৪ জন ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন)
০৭	অনলাইনে ক্লিপিংস পাঠানো	বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ১৭.১১.২০১৬ তারিখে মিডিয়া সেন্টারে ডিজিটালাইজড আর্কাইভ গড়ে তোলার বিষয়ে মাননীয় তথ্যমন্ত্রী মহোদয়কে ব্রিফ করা হয়েছে। এ বিষয়ে একটি মিডিয়া ব্যবস্থাপনা প্রকল্প প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে ক্লিপিংস পাঠানোর বিষয়টি উক্ত প্রকল্পের সাথে একীভূত করে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।	অতিরিক্ত প্রধান তথ্য অফিসার ও সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রটোকল)
০৮	মিডিয়া সেন্টারের ডিজিটালাইজড আর্কাইভ গড়ে তোলা		

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


এ কে এম শামীম চৌধুরী
প্রধান তথ্য অফিসার
ফোন : ৯৫৪৬০৯১

বিতরণ :

- ০১। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (চলতি দায়িত্ব), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন, প্রটোকল), (প্রেস-চলতি দায়িত্ব), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৪। উপপ্রধান তথ্য অফিসার (এফ এন্ড পি, আর এন্ড আর), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী।
- ০৬। সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন, সমন্বয়, প্রটোকল, প্রেসট্রেন্ড, ক্লিপিংস), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। চিফ ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংবাদকক্ষ সকাল, বিকাল পালা, চিফ ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৯। প্রশাসনিক কর্মকর্তা, ক্রয় কর্মকর্তা, অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা, বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১০। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সংশ্লিষ্ট নথি।